গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
(সাধারণ শাখা)
www.sirajganj.gov.bd

## করোনা ভাইরাস ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য জেলা পর্যায়ে গঠিত কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : ড. ফারুক আহাম্মদ
জেলা প্রশাসক, সিরাজগঞ্জ

সভার তারিখ ও সময় : ২৭ জানুয়ারি ২০২১ খ্রি. সকাল ১০.০০ টা

স্থান : শহীদ এ.কে.শামসুদ্দিন সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ

সভায় উপস্থিতি ও অনুপস্থিতি : পরিশিষ্ট ' ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিরাজগঞ্জ সভা সঞ্চালনা করেন। শুরুতেই তিনি স্বাস্থ্য অধিদপ্তরের ১৯/০১/২০২১ তারিখের স্বাঃ অধিঃ/২০২০/১০৮ নং স্মারক পত্র পাঠ করে শোনান। পত্রানুযায়ী কোভিড-১৯ ভ্যাকসিনের জন্য উদ্দিষ্ট জনগোষ্ঠীর তালিকা প্রস্তুত করে এ কার্যালয় এবং সিভিল সার্জনের কার্যালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনাদের তালিকা প্রস্তুতের জন্য বীর মুক্তিযোদ্ধাদের মধ্য থেকে ০২ জনকে দায়িত্ব প্রদানের জন্য মতামত প্রদান করেন। অতঃপর কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রমের বিষয়ে সকলকে অবহিত করার জন্য সিভিল সার্জন, সিরাজগঞ্জ-কে অনুরোধ জানানো হয়। সিভিল সার্জন, সিরাজগঞ্জ সভায় জানান, কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রম আগামী ০৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখ হতে সিরাজগঞ্জ জেলায় শুরু হবে। প্রতিমাসে ১২ দিন এ কার্যক্রম পরিচালিত হবে। তিনি উদ্দিষ্ট জনগোষ্ঠীর তালিকা প্রস্তুত করে সরবরাহের পাশাপাশি www.surokkha.gov.bd ওয়েবসাইটে অথবা মোবাইলে সুরক্ষা এ্যাপ ডাউনলোড করে ব্যক্তিগত রেজিস্ট্রেশন করার জন্য সকলকে অনুরোধ জানান। তিনি আরও জানান, আগামী শুক্রবার রাতে সিরাজগঞ্জে ৯৬০০ ভায়াল ভ্যাকসিন আসবে। প্রতি ভায়াল হতে ১০ জনকে ভ্যাকসিন প্রদান করা যাবে। ভ্যাকসিন এর নিরাপত্তা নিশ্চিত করতে ভ্যাকসিন সংরক্ষণ এলাকায় পুলিশ এবং আনসার বাহিনী মোতায়েনের জন্য অনুরোধ জানান। ভ্যাকসিনটি ২ থেকে ৮ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায় সংরক্ষণ করতে হয়। তাই সংরক্ষণ এলাকায় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য অনুরোধ জানান। তিনি আরো বলেন, ১৮ বছরের কম বয়সীদের এ পর্যায়ে টিকার আওতায় আনা হবে না। উপজেলাসমূহে স্বাস্থ্য কমপ্লেক্সের নার্স এবং সেকমোদের মাধ্যমে টিকা প্রদান করা হবে। প্রতিটি স্বাস্থ্য কমপ্লেক্সে ০২ টি করে বুথ, সদর উপজেলায় ৭ টি বুথ এবং পুলিশ হাসপাতালে ০১ টি বুথ করে টিকা প্রদান কার্যক্রম পরিচালনা করা হবে। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | উদ্দিষ্ট জনগোষ্ঠীর তালিকা প্রস্তুত এবং ব্যক্তিগত রেজিস্ট্রেশন | স্বাস্থ্য অধিদপ্তরের পত্রের নির্দেশনা মোতাবেক উদ্দিষ্ট জনগোষ্ঠীর তালিকা প্রস্তুত করে জেলা প্রশাসকের কার্যালয় এবং সিভিল সার্জনের কার্যালয়ে প্রেরণ এবং www.surokkha.gov.bd ওয়েবসাইটে অথবা মোবাইলে সুরক্ষা এ্যাপ ডাউনলোড করে ব্যক্তিগত রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য সকলকে অনুরোধ জানিয়ে পত্র প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সিভিল সার্জন, সিরাজগঞ্জ<br>২। সকল বিভাগীয় প্রধান |

চলমান পাতা-০২

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২. | কোভিড-১৯ ভ্যাকসিনের নিরাপত্তা নিশ্চিতকরণ এবং ভ্যাকসিন প্রদান এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা | আগামী শুক্রবার রাতে ভ্যাকসিন পৌঁছানোর পর থেকে টিকা প্রদান কার্যক্রম চলমান থাকা অবস্থায় ভ্যাকসিন সংরক্ষণ এলাকাসমূহ, টিকা প্রদানের বুথসমূহে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য পুলিশ ও আনসার বাহিনী মোতায়েন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পুলিশ সুপার, সিরাজগঞ্জ<br>২। সিভিল সার্জন, সিরাজগঞ্জ<br>৩। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, সিরাজগঞ্জ |
| ৩. | ভ্যাকসিন সংরক্ষণ স্থানে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা | যেহেতু ভ্যাকসিনটি ২ থেকে ৮ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায় সংরক্ষণ করতে হয় তাই সংরক্ষণ এলাকায় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। নির্বাহী প্রকৌশলী, নেসকো লিঃ, সিরাজগঞ্জ<br>২। সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, ১ ও ২ সিরাজগঞ্জ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সকলকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১/২০২১

(ড. ফারুক আহাম্মদ)
জেলা প্রশাসক
সিরাজগঞ্জ
ফোন: ০৭৫১-৬২৩৮৫
dcsirajganj@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮৮০০.০০৭.৩৯.০০৩(অংশ-৫).২১- ৩৫৯

তারিখঃ ১৪ মাঘ ১৪২৭
২৮ জানুয়ারি ২০২১

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩. পুলিশ সুপার, সিরাজগঞ্জ
৪. সিভিল সার্জন, সিরাজগঞ্জ
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিরাজগঞ্জ
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ
৭. তত্বাবধায়ক, ২৫০ শয্যাবিশিষ্ট বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জেনারেল হাসপাতাল
৮. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/শিক্ষা ও আইসিটি) ও বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ
৯. মেয়র, সিরাজগঞ্জ পৌরসভা
১০..................................................................................(সকল বিভাগীয় প্রধান), সিরাজগঞ্জ
১১. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
১২.জনাব এ্যাড. বিমল কুমার দাস, বীর মুক্তিযোদ্ধা ও সহ-সভাপতি, বাংলাদেশ আওয়ামী লীগ, সিরাজগঞ্জ জেলা শাখা
১৩. জনাব মোঃ সামাদ তালুকদার, সাধারণ সম্পাদক (ভাঃ), বাংলাদেশ আওয়ামী লীগ, সিরাজগঞ্জ জেলা শাখা
১৪. জনাব কাজী মাসুদুজ্জামান, উপপরিচালক, এনডিপি, সিরাজগঞ্জ
১৫. জনাব মোঃ রইস উদ্দিন, ব্র্যাক জেলা সমন্বয়ক, সিরাজগঞ্জ

28/01/2021

(মোহাম্মদ তৌফিক্কুল হোসেন)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
সিরাজগঞ্জ